

Mettlepower Communications

Contact: 9903168646 / 9836344370

Coverage / Advt Sheet

Publication & Date: Dainik Statesman (30.06.2011)

Page Number: 3

Head Line: Unique Valve Surgery Performed @ Medica.

দৈনিক স্টেটসম্যান বৃহস্পতিবার ৩০ জুন ২০১১ • কলকাতা

পূর্ব ভারতে বিরল ভালভ সার্জারি সম্পন্ন মেডিকায়

সৌভিক রায়

পূর্ব ভারতে কার্ডিয়াক সার্জারির ক্ষেত্রে মেডিকা যোগ করল এক নতুন অধ্যায়। এতদিন হৃৎপিণ্ডের ভালভ বা কপাটিকা বিকল হলে কনভেনশনাল সার্জারি থেরাপিতে বুক থেকে পেট পর্যন্ত চিরে অকেজো ভালভ পাল্টে স্থাপন করা হত কৃত্রিম ভালভ। তবে কয়েকবছর হল জার্মানি সহ উন্নত দেশগুলিতে এর বদলে চলে এসেছে মিনিম্যাল ইনভ্যাসিভ থেরাপি। এই থেরাপি অনুসারে চেস্টা ওয়ালের ডানদিকে একটি ছোট্ট হোল করে বিশেষ যন্ত্রপাতির সাহায্যে কৃত্রিম ভালভকে যথাস্থানে প্রতিস্থাপিত করা হয়। দেশেই যখন এই থেরাপি ব্যবহারের উদাহরণ খুব কম, তখন পূর্ব ভারতে প্রথম এই পদ্ধতিতে এক কিশোরের শরীরে কৃত্রিম ভালভ প্রতিস্থাপন করল বাইপাসে অবস্থিত মেডিকা সুপারস্পেশালিটি হাসপাতাল। হাসপাতালের কার্ডিয়াক সার্জারি বিভাগের প্রধান ডাঃ রতন কুমার দাসের নেতৃত্বে একটি টিম কাজটি সম্পন্ন

করেছে কয়েকদিন আগে। প্রসঙ্গত, ভারতে এধরনের পদ্ধতিতে ভালভ রিপ্লেসমেন্ট হয় শুধুমাত্র হায়দ্রাবাদ, দিল্লি ও চেন্নাইতে। ওড়িশার কটকের বাসিন্দা গগন বেহেরা ও বিলাস বেহেরার ১৮ বছর বয়সী পুত্র রাজীব বেহেরা পড়ে দশম শ্রেণীতে। তবে জুন মাসের শুরু থেকে হঠাৎ তাঁর শ্বাসকষ্টের সমস্যা পাশাপাশি স্বাভাবিক চলাফেরায় ব্যথাত ঘটতে শুরু করে। স্থানীয় চিকিৎসক ডাঃ পি কে মিশ্রকে দেখালে তিনি পরীক্ষা করে দেখেন যে, রাজীবের ডানদিকের একটি হৃৎ ভালভ কাজ করছে না বলেই হৃৎপিণ্ডের রক্ত চলাচলে ব্যাক প্রেসার পড়ায় শ্বাসজনিত কষ্ট হচ্ছে। রোগ ধরা পড়ার পরই ডাঃ মিশ্র যোগাযোগ করেন মেডিকার চেয়ারম্যানের সঙ্গে। এরপরই ১৯ জুন রাজীবকে কটক থেকে আনা হয় কলকাতায়। মেডিকার কার্ডিয়াক সার্জারি ইউনিটের প্রধান চিকিৎসক রতন কুমার দাস প্রাথমিক চেক আপের পর অপারেশন করতেই মনস্থ করেন। এধরনের সার্জারি মেডিকা তথা কোনও হাসপাতালেই

হয়নি বলে কাজটায় ঝুঁকি ছিল। তবে জার্মানির লিপজিগ হার্ট সেন্টার থেকে এধরনের সার্জারিতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত ডাঃ দাস ভয় পান নি। পরেরদিনই অর্থাৎ ২০ জুন রাজীবের বুকের ডানদিকের চেস্টা ওয়ালে একটি হোল করে জার্মানি থেকে আসা বিশেষ মেডিকেল ইনস্ট্রুমেন্ট দিয়ে পুরনো ভালভটির জয়গায় প্রতিস্থাপিত করা হল কৃত্রিম মাইট্রাল ভালভ। পুরো অপারেশনে সময় লেগেছে মাত্র তিন ঘন্টা। কনভেনশনাল প্রসেস থেরাপি অনুসারে এতদিন এধরনের সার্জারির ক্ষেত্রে বুক থেকে পেট পর্যন্ত চিরে ভালভ বার করে নতুন ভালভ বসানো হত। এই পদ্ধতিতে সময় যেমন বেশি লাগত, রোগীকে অপারেশনের পর হাসপাতালে থাকতে হত অন্তত ৭ - ১০ দিন। মেডিকায় এদিন নতুন মিনিম্যাল ইনভ্যাসিভ থেরাপিতে মাইট্রাল ভালভ প্রতিস্থাপন করা হল। পদ্ধতিটি ভারতে না নতুন হলেও পূর্ব ভারতে একেবারেই নতুন বলে মেডিকা কর্তৃপক্ষের দাবি। ডাঃ দাস জানানেন যে, এই পদ্ধতিতে রোগীকে

হাসপাতালে কম দিন থাকতে হয়, যন্ত্রণা ও রক্তক্ষরণ হয় কম, সংক্রমণ বা রোগীর ট্রমাতে চলে যাওয়ার সম্ভাবনাও থাকে না। কমবয়সীদের ক্ষেত্রে রিউম্যাটিক হার্ট ডিজিজ পরবর্তী শ্বাসকষ্টের সমস্যা সমাধানে ভালভ বদলের প্রয়োজন হলে জার্মানি থেকে আনা মেকানিক্যাল ভালভ প্রতিস্থাপিত করাই উচিত, বলেছেন ডাঃ দাস। কারণ, এধরনের ভালভ আর পাল্টাতে হয় না। তবে বয়স্কদের ক্ষেত্রে বয়সের ব্যপার থাকে বলেই টিসু ভালভ প্রতিস্থাপিত করা হয় (এই ভালভের আয়ু ১০ - ১৫ বছর)। মেডিকার চেয়ারম্যান ডাঃ অলোক রায় জানিয়েছেন, রাজীবের পরিবারের আর্থিক পরিস্থিতির (বাবা কৃষক) কথা চিন্তা করেই অপারেশনের ১ লক্ষ ৫ হাজার টাকা ও ভালভের দাম (৫০,০০০ টাকা) বাবদ রোগীর পরিবারের থেকে কিছু নেওয়া হয়নি। পুরো খরচটা ওড়িশার চিকিৎসক ডাঃ মিশ্র ও মেডিকা কর্তৃপক্ষ ভাগাভাগি করে মিটিয়ে দিয়েছেন বলে জানা গেছে।